

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৯.০৮.৬২৪.২৩ নথির বিষয়: “অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার” বিষয়ে প্রশিক্ষণ

নোট: ২ নোটের বিষয়: “অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার” বিষয়ে ০৩টি প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ২.০ - তারিখ: ২৯/১১/২৩ ৩:৪৭ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এ “অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার” বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। এছাড়াও প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা, ঢাকা ওয়াসা এবং উপব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা এর মধ্য স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) তে উক্ত বিষয়ে ০৩টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে আগামী ২৪ ডিসেম্বর ২০২৩, ১০ ও ১১ জানুয়ারি ২০২৪ তারিখে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে প্রত্যহ দুপুর ১২.৩০ হতে বিকাল ০৪.১৫ সময়ে উক্ত বিষয়ে ০৩ টি প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। উক্ত ০৩ টি প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য জনাব মোঃ মিজানুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা এর সাথে আলোচনাক্রমে প্রস্তুতকৃত ০৩ প্রশিক্ষণের প্রত্যকটিতে ২০ জন হিসেবে মোট ৬০ (ষাট) জন অংশগ্রহণকারীর তালিকা (সংযুক্তি-১) এবং খসড়া কর্মসূচী (সংযুক্তি-২) সদয় হয়ে দেখা যেতে পারে। প্রশিক্ষণ ০৩ টির প্রত্যকটিতে নিম্নোক্ত ২ জন কর্মকর্তাকে বক্তা হিসেবে আমন্ত্রণ জানানো হবে:

১. জনাব এসএম মোস্তফা কামাল মজুমদার, প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা ওয়াসা।

২. জনাব মোঃ মিজানুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

সংযুক্তিসমূহ (২):

১। PPs List for Dnothi.pdf

২। Programme for Dnothi.pdf

অনুচ্ছেদ ২.১ - তারিখ: ২৯/১১/২৩ ৩:৪৮ অপরাহ্ন

উক্ত ০৩টি প্রশিক্ষণ আয়োজনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	১২,০০০/-	(২ সেশন ২০০০/- টাকা হারে×৩ টি প্রশিক্ষণ)
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	১৮,০০০/-	(২০ জন ৩০০/- হারে×৩ টি প্রশিক্ষণ)
(গ) দুপুরের খাবার ও বিকালের চা নাস্তা	৪২,৯০০/-	(বক্তা ও স্টাফসহ ২৬ জন ৫৫০/- টাকা হারে×৩ টি প্রশিক্ষণ)
(ঘ) পানি	১,৪৪০/-	(আধা লিটার ৪ কেস ১২০/- টাকা হারে×৩ টি প্রশিক্ষণ)
(ঙ) পাটের ব্যাগ, নোটবুক ও কলম	২২,২০০/-	(৩ টি প্রশিক্ষণের জন্য ৬০ সেট ৩৭০/- টাকা হারে)
(চ) ফটোকপি ও বিবিধ	৬,০০০/-	২ টি প্রশিক্ষণের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=১,০২,৫৪০/-	(কথায়: টাকা এক লক্ষ দুই হাজার পাঁচশত চল্লিশ মাত্র)

অনুচ্ছেদ ২.২ - তারিখ: ২৯/১১/২৩ ৩:৪৮ অপরাহ্ন

এমতাবস্থায়, উক্ত ০৩ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত প্রতি ব্যাচে ২০ (বিশ) জন হিসেবে মোট ৬০ (ষাট) জন কর্মকর্তার মনোনয়ন, “অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার”-শীর্ষক প্রশিক্ষণ এর কর্মসূচী এবং প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =১,০২,৫৪০/- (এক লক্ষ দুই হাজার পাঁচশত চল্লিশ মাত্র) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রয়োজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রশিক্ষণ সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।



২৯/১১/২৩ ৮:৩৯ অপরাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারিকুলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র



২৯/১১/২৩ ৮:৪৭ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



৩০/১১/২৩ ৯:৫৭ পূর্বাহ্ন
মোঃ আব্দুলজামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত
দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

৩০/১১/২৩ ৯:৫৭ পূর্বাহ্ন
~~প্রকৌশলী তাকসিম এ খান~~
~~ব্যবস্থাপনা পরিচালক~~
~~ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

অনুচ্ছেদ ২.৩ - তারিখঃ ৩/১২/২৩ ৭:৫১ পূর্বাহ্ন


Okay



৩/১২/২৩ ৭:৫১ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর



৩/১২/২৩ ১১:২৪ পূর্বাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



৩/১২/২৩ ১২:০৯ অপরাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারিকুলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা